গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**(আয়কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৬ আষাঢ় ১৪১৫ বঙ্গাব্দ/৩০ জুন ২০০৮ খ্রিস্টাব্দ

**এস,আর,ও নং ২০৮-আইন/আয়কর/২০০৮।**—যে সব ব্যক্তি, কোম্পানী বা অন্যান্য করদাতা বৈধ উপায়ে অর্জিত কোন আয় বা তদ্‌কর্তৃক বিনিয়োগ যেমনঃ জমি, দালান, গাড়ী, ব্যাংক ব্যালেন্স, স্টক ইত্যাদি ইতোপূর্বে যথাযথভাবে আয়কর রিটার্নে প্রদর্শন করিতে ব্যর্থ হইয়াছেন, Income-tax Ordinance, 1984 (Ord. No. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার তাহাদের নিম্নরূপ সুযোগ প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করিল, যথাঃ-

(ক) করদাতা ২০০৮-০৯ করবর্ষের প্রযোজ্য হারে আয়কর এবং আয়করের উপর ৭% জরিমানা পরিশোধ করিয়া নির্ধারিত ছকে আগামী ১ জুলাই, ২০০৮ হইতে ৩১ অক্টোবর, ২০০৮ পর্যন্ত সময়ের মধ্যে ঐরূপ আয় বা বিনিয়োগ প্রদর্শন করিতে পারিবেনঃ

তবে শর্ত থাকে যে, ইতোমধ্যে যে সকল করদাতার বিরুদ্ধে কর ফাঁকির অভিযোগ উদ্‌ঘাটিত হইয়াছে এবং যথাযথ আইনানুগ ব্যবস্থা প্রক্রিয়াধীন রহিয়াছে তাহারা এই সুযোগের অন্তর্ভুক্ত হইবেন না।

(খ) এই প্রজ্ঞাপনে বর্ণিত সুযোগ অসাধুভাবে অর্জিত আয় বা বিনিয়োগের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না।

(গ) নির্ধারিত ছকঃ

| | | |
|---|---|---|
| (১) | করদাতার নাম | : |
| (২) | করদাতার পিতা/স্বামীর নাম | : |
| (৩) | করদাতার মাতার নাম | : |
| (৪) | করদাতার ঠিকানা | : |
| (৫) | টিআইএন | : |
| (৬) | কর সার্কেল ও কর অঞ্চল | : |
| (৭) | ঘোষিত আয়ের উৎস | : |
| (৮) | ঘোষিত বৈধ আয়ের পরিমাণ | : |
| (৯) | আয়ের উপর প্রযোজ্য করের পরিমাণ | : |
| (১০) | প্রযোজ্য করের উপর জরিমানার পরিমাণ | : |
| (১১) | জরিমানাসহ মোট পরিশোধিত করের পরিমাণ | : |

| | | |
|---|---|---|
| (১২) | ইতোপূর্বে আয় বা বিনিয়োগ প্রদর্শন না করিবার কারণ | : |

আমি ..................................... পিতা/স্বামী ..................................... টিআইএন: ............................ এই মর্মে ঘোষণা করিতেছি যে, উপরি-উক্ত 'ছক' এ উল্লিখিত সকল তথ্য আমার জ্ঞান ও বিশ্বাসমতে সঠিক এবং ঘোষিত আয়/বিনিয়োগ বৈধ উপায়ে অর্জিত।

স্থান: **করদাতার স্বাক্ষর**

তারিখ: **(নাম স্পষ্টাক্ষরে)**

Bangladesh Tax Update
www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে,

**মোহাম্মদ আবদুল মজিদ**

সচিব